



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১০১.২০১৯/ ১২০৪/৭

তারিখ: ৬/১১/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন খিদিরপুর ডিগ্রি কলেজের প্রভাষক জনাব মোঃ গোলাম আযম কে পদোন্নতি ও টাইমস্কেল প্রদান সংক্রান্ত।

- সূত্র: ১। রিট পিটিশন নং- ৯৭২৪/২০১৯ এর রায় ও আদেশ এবং কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ মামলার রুল;  
২। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭০.১২.০০১.১৯.২৬৬; তারিখ: ১০/১০/২০১৯খ্রি.  
৩। শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৯৪.০৪.০১৭.২০-২৮৫; তারিখ: ১৫/১০/২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন খিদিরপুর ডিগ্রি কলেজের প্রভাষক জনাব মোঃ গোলাম আযম ও জনাব মোঃ আমজাদ হোসেনের সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি ও টাইমস্কেল না পাওয়ার অভিযোগের বিষয়ে তদন্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, আটঘরিয়া, পাবনাকে জেলা প্রশাসক, পাবনা দায়িত্ব প্রদান করেন। তদন্ত প্রতিবেদনে অভিযোগকারী জনাব মোঃ গোলাম আযম, প্রভাষক, পৌরনীতি ও সুশাসন এর সহকারী অধ্যাপক পদে পদোন্নতির প্রাপ্যতা রয়েছে মর্মে উল্লেখ করা হয়। জেলা প্রশাসক, পাবনা তদন্ত প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করেন। জেলা প্রশাসকের পত্রের প্রেক্ষিতে শিক্ষা মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ২নং সূত্রে পত্র প্রেরণ করেন। এর প্রেক্ষিতে জনবল কাঠামো ২০১৮ এর ধারা (১৩) মোতাবেক নির্ধারিত ছকে শিক্ষক তালিকা, সকল তথ্য প্রমাণ, নিয়োগ ও এমপিও সংক্রান্ত কাগজপত্র প্রেরণ করার জন্য ০৬/১১/২০১৯খ্রি. তারিখ অত্র অত্র অধিদপ্তর থেকে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে ০৬/০১/২০২০খ্রি. তারিখে তাগিদ পত্র প্রেরণ করা হয়। এর প্রেক্ষিতে বিলম্বে জবাব প্রেরণ করা হয়। কিন্তু বিষয়টি নিষ্পত্তির লক্ষে প্রকৃত তথ্যাদি প্রেরণ করা হয়নি।

এদিকে বিষয়টি নিষ্পত্তি না হওয়ায় জনাব মোঃ গোলাম আযম মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৯৭২৪/২০১৯ দায়ের করেন। পরবর্তীতে কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ দায়ের করেন। বর্ণিত রিট পিটিশনের রায় ও আদেশ, কনটেম্পট পিটিশন নং- ১৮৫/২০২০ মামলার রুল এবং শিক্ষা মন্ত্রণালয়ের ২ ও ৩নং সূত্রস্থ পত্র মোতাবেক জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী পিটিশনার জ্যেষ্ঠ হলে এবং প্রাপ্যতা থাকলে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি ও টাইম স্কেল প্রদানের ব্যবস্থা গ্রহণসহ অন লাইনে আবেদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। অন্যথায় আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এমতাবস্থায়, বিষয়টি আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিষ্পত্তি করে মাউশিকে অবহতি করার জন্য জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪.11.2020

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

প্রাপক:

অধ্যক্ষ

খিদিরপুর ডিগ্রি কলেজ

আটঘরিয়া, পাবনা

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(দৃষ্টি আকর্ষণ: সহকারী সচিব, আইন-২ শাখা)
- ২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ৩। সভাপতি, পরিচালনা পরিষদ, খিদিরপুর ডিগ্রি কলেজ, আটঘরিয়া, পাবনা (বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ)
- ৪। শিক্ষা অফিসার (আইন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৫। জেলা শিক্ষা অফিসার, পাবনা
- ৬। জনাব মোঃ গোলাম আযম, পৌরনীতি ও সুশাসন, খিদিরপুর ডিগ্রি কলেজ, আটঘরিয়া, পাবনা
- ৭। সংরক্ষণ নথি।